

## ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম।

ফোন:-৬১১০১৫-১৬, ৬১৩৭৭৭

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থ খণ্ড আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, খাতুনগঞ্জ শাখা, খাতুনগঞ্জ ট্রেড সেন্টার, রামজয় মহাজন লেইন, খাতুনগঞ্জ, থানা - কোতোয়ালী, জেলা- চট্টগ্রাম, এর খণ্ড গ্রহীতা মেসার্স শাহ আমানত ষ্টোর, প্রোগাইটর : মোঃ গিয়াস উদ্দীন, পিতা- মোহাম্মদ ইউসুফ, ঠিকানা -৩৩, নতুন চাঙ্গাই, থানা-বাকলিয়া, জেলা- চট্টগ্রাম, স্থায়ী ঠিকানা- হামদু মিয়া সারাং বাড়ী, গ্রাম-চিকদাইর, ডাকঘর-অন্নপূর্ণা বাড়ী-৪৩৪২, থানা-রাউজান, জেলা- চট্টগ্রাম কর্তৃক গ্রহীত খণ্ডের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। খণ্ডগ্রহীতা মঙ্গুরীপত্রের শর্ত মোতাবেক খণ্ড পরিশোধ না করায় বিগত ১৫-১১-২০১৫ইং তারিখ পর্যন্ত খণ্ড হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ৩৩,৩৩,৭১৪.১০ (তেক্রিশ লক্ষ তেক্রিশ হাজার সাতশত চৌদ্দ টাকা দশ পয়সা মাত্র) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায় কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

### ”বন্ধকী সম্পত্তি তপসিল”

জেলা- চট্টগ্রাম, থানা-সাবেক পাঁচলাইশ হালে বন্ধর, মৌজা- বাকলিয়া, আর এস খতিয়ান নং-২৩৩৭, ৩০৯৩, ৩০৯৪, আর এস পট নং-২১২৬২, ২১২৬৩, ২১২৬৬, ২১২৬৩/২১৫৩১, ৪৬১২/৪৬৮৮, বি.এস খতিয়ান নং-১২২৪, বি.এস মিউটেশন খতিয়ান নং-১২২৪/১/৫, বি এস পট নং-৬৭৯৭ মোট জায়গার পরিমাণ -২.২০ শতাংশ।

### ঃনিলামের শর্তাবলীঃ

- ১) আগামী ২৮-০১-২০১৬ইং তারিখে বিকেল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম এ রক্ষিত বাঞ্ছে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকঘোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকেল ৪.০০ ঘটিকায় দরপত্র দরদাতাগণের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২) প্রত্যেক দরপত্রদাতা উদ্ভৃত দর এর ১০% সমপরিমান টাকার জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩) উদ্ভৃত দর গ্রহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াশ্ব হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াশ্ব হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ত্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- ৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রহ্য করিতে পারিবেন।
- ৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয় সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- পৌরসভা, পি.ডি.বি./পলী- বিদ্যুৎ , গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবে।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম